# টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি

## আশেকপুর, টাঙ্গাইল।

ISO 9001 : 2015 CERTIFIED

বিষয়ঃ "টাঙ্গাইল পবিসের স্টোরে রক্ষিত ব্যবহার অযোগ্য প্যাকিং কাঠ নিলামে বিক্রয়ের লক্ষ্যে নিলাম দরপত্র বিজ্ঞপ্তি"।

নিলাম দরপত্র নং-০১/২০২৬-২০২৭
তারিখঃ ২৪/০৮/২০২৬ খ্রিঃ।

# প্রশাসন বিভাগ


আশেকপুর, টাঙ্গাইল
ফোন নং-০১৭৬৯-৪০০৮০৪

Web Site: www.pbs.tangail.gov.bd
Email: tng.pbs@gmail.com



# টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি

আশেকপুর, টাঙ্গাইল
ISO 9001 : 2015 CERTIFIED ফোনঃ ০২১৯৭৭৫৩৩২৪, অভিযোগ কেন্দ্রঃ ০২১৯৭৭৫৩৩১৫
ই-মেইলঃ tng.pbs@gmail.com, ওয়েবসাইটঃ www.pbs.tangail.gov.bd, ফেসবুকঃ www.facebook.com/pbstangail

স্মারক নং-২৭.১২.৯৩৯৫.৫০২.০১.০০৮.২৬.২৮৬৬ তারিখঃ ০৯ ভাদ্র ১৪৩৩ বঃ / ২৪ আগষ্ট ২০২৬ খ্রিঃ

## "নিলাম দরপত্র বিজ্ঞপ্তি"

টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতির স্টোরে রক্ষিত ব্যবহার অযোগ্য প্যাকিং কাঠ "যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে" নিলামে বিক্রয়ের লক্ষ্যে নিম্নলিখিত শর্তসাপেক্ষে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে পূর্ণ ঠিকানাসম্বলিত সাদা কাগজ/নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | মালামালের বিবরণ | পরিমাণ | একক | উদ্ধৃত মূল্য | |
|---|---|---|---|---|---|
| | | | | একক মূল্য (টাকা) | মোট মূল্য (টাকা) |
| ০১ | ব্যবহার অযোগ্য প্যাকিং কাঠ | ১০,০০০ | কেজি | | |

কথায়ঃ

শর্তাবলীঃ

০১॥ নিলাম দরপত্রসমূহ আগামী ০৩/১০/২০২৬ খ্রিঃ তারিখ বেলা ১১:৩০ ঘটিকার মধ্যে জেনারেল ম্যানেজার, টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, আশেকপুর, টাঙ্গাইল এ রক্ষিত টেন্ডার বক্সে দাখিল করতে হবে। দরপত্রসমূহ একই দিন অর্থাৎ ০৩/১০/২০২৬ খ্রিঃ তারিখ বেলা ১১:৩৫ ঘটিকার সময় উল্লিখিত স্থানে উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। নির্ধারিত সময়ের পরে কোন অবস্থাতেই কোন দরপত্র গ্রহণ করা হবে না। ডাক/কুরিয়ার সার্ভিসযোগে কোন দরপত্র দলিল গ্রহণ করা হবে না।

০২॥ নিলাম দরদাতাকে মোট উদ্ধৃত মূল্যের ২৫% (পঁচিশ শতাংশ) অর্থ নিরাপত্তা জামানত হিসেবে "জেনারেল ম্যানেজার, টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি" এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে MICR যুক্ত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে নিলাম দরপত্রের সাথে জমা দিতে হবে। অন্যথায় নিলাম দরপত্র গ্রহণযোগ্য বিবেচিত হবে না।

০৩॥ নিলাম দরপত্রের উদ্ধৃত একক মূল্য ও মোট মূল্য স্পষ্টাক্ষরে লিখতে হবে। উদ্ধৃত একক মূল্য ও উদ্ধৃত মোট মূল্যের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে দাখিলকৃত একক মূল্যের ভিত্তিতে মোট দর বিবেচনা করা হবে। দরপত্র গ্রহণের ক্ষেত্রে সর্বোচ্চ মূল্যকে গৃহীত দর হিসেবে বিবেচনা করা হবে। নিলাম বিজ্ঞপ্তির সকল মালামালের ক্ষেত্রে নিলাম কমিটি কর্তৃক নির্ধারিত সর্বনিম্ন মূল্যের চেয়ে কম মূল্যে দাখিলকৃত নিলাম দরপত্র বিবেচনা করা হবে না। সীল মোহরকৃত নিলাম দরপত্রের খামের উপরে স্পষ্টাক্ষরে "টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতির ব্যবহার অযোগ্য প্যাকিং কাঠ নিলাম দরপত্র" কথাটি স্পষ্ট করে উল্লেখ করতে হবে। দরপত্রে কোন কাটা-ছেঁড়া/ঘষামাজা করা যাবে না।

০৪॥ প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে অথবা সাদা কাগজে দর প্রদানপূর্বক সীলমোহর ও স্বাক্ষর সংযুক্ত করতে হবে। সাদা কাগজে পূর্ণ ঠিকানা (মোবাইল নং সহ) লিপিবদ্ধ করতঃ খামে সীলগালা ব্যবহার করতে হবে।

০৫॥ কৃতকার্য নিলাম দরদাতাকে নিলাম দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানো/কার্যাদেশ প্রদানের ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% মূল্য এবং সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ট্যাক্সসহ অবশিষ্ট সমুদয় অর্থ নগদ/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (নগদায়ন সাপেক্ষে) এর মাধ্যমে পরিশোধ করে বর্ণিত মালামালসমূহ গ্রহণ করতে হবে। অন্যথায় জামানতের সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে।

০৬॥ মালামালসমূহ ০২/১০/২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস সময়ের মধ্যে টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরে উপস্থিত হয়ে কর্তৃপক্ষের সাথে যোগাযোগপূর্বক মালামাল পরিদর্শণ করা যাবে এবং প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা যাবে।

০৭॥ উল্লিখিত শর্ত বর্হিভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৮॥ মালামাল গ্রহণের সময় সমিতির স্থাপনা/সম্পত্তির কোন ক্ষয়-ক্ষতি হলে কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে তার ক্ষতিপূরণ প্রদান করতে হবে।

০৯॥ টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি কোন কারণ প্রদর্শন ব্যতিরেকেই যে কোন অথবা সকল নিলাম দরপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১০॥ আগ্রহী নিলাম দরদাতাগণ নিলাম বিজ্ঞপ্তিটি সমিতির ওয়েবসাইট "**www.pbs.tangail.gov.bd**" এ দেখতে পারবেন।

24.08.26
(প্রকৌ. মোঃ ছানোয়ার হোসেন)
জেনারেল ম্যানেজার

**অনুলিপি :- (সদয় অবগতি ও নোটিশ বোর্ডে টানানোর মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃ অঃ), পরিদপ্তর, বাপবিবো ঢাকা।
০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা জোন (উত্তর), বাপবিবো, সাভার, ঢাকা।
০৩। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। [বাপবিবো'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।
০৪। জেলা প্রশাসক/পুলিশ সুপার, টাঙ্গাইল।
০৫। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, টাঙ্গাইল।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ...............................পবিস-১/২/৩/৪।
০৭। মেয়র, টাঙ্গাইল পৌরসভা, টাঙ্গাইল।
০৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা, টাঙ্গাইল।
০৯। ডিজিএম-নাগরপুর/দেলদুয়ার/বাসাইল/কারিগরী/গোড়াই/মির্জাপুর/এলেঙ্গা জোনাল অফিস, টাঙ্গাইল পবিস।
১০। এজিএম (সদস্য সেবা/ওএন্ডএম/ইএন্ডসি/অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব), টাঙ্গাইল পবিস।
১১। এজিএম (আইটি), টাঙ্গাইল পবিস [টাঙ্গাইল পবিসের ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিবেন]।
১২। মেসার্স ....................................................।
১৩। নোটিশ বোর্ড, টাঙ্গাইল পবিস।
১৪। অফিস/মাষ্টার কপি।

24.08.26
(প্রকৌ. মোঃ ছানোয়ার হোসেন)
জেনারেল ম্যানেজার

কোটেশন দাখিল পত্র

[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]

প্রতি,
জেনারেল ম্যানেজার
টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি
আশেকপুর, টাঙ্গাইল।

প্রিয় মহোদয়,

আমি/আমরা নিম্নস্বাক্ষরকারী নিলাম দরপত্র **দলিল** (টেন্ডার ডকুমেন্ট) পুঙ্খানুপুঙ্খ যাচাইপূর্বক টাঙ্গাইল পবিসের স্টোরে রক্ষিত ব্যবহার অযোগ্য প্যাকিং কাঠ **"যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে"** নিলামে ক্রয়ের জন্য মোট-------------------------------- (কথায় : ---------------------------------------) টাকায় ক্রয় করার প্রস্তাব করছি।

আমার/আমাদের দরপত্র গৃহীত হলে আমি/আমরা কার্যাদেশে প্রদত্ত সময়সীমা অনুযায়ী অর্থাৎ ১৫ দিনের মধ্যে সকল শর্তপূরণ করে নির্দিষ্ট সময়ের মধ্যে মালামাল গ্রহণ করতে বাধ্য থাকব।

আপনার প্রদত্ত কার্যাদেশ টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি এবং আমি/আমাদের মধ্যে চুক্তি হিসাবে গণ্য হবে। আমি/আমরা জ্ঞাত আছি যে আপনি সর্বোচ্চ দর অথবা যে কোন দরপত্র গ্রহণে বাধ্য নয়।

----------------------------
দরদাতার স্বাক্ষর

নাম-----------------------
পূর্ণ ঠিকানা/ফোন নং-

**<u>সংযুক্তিঃ</u>**
আর্নেষ্টমানির টাকার পরিমান-

পে-অর্ডার/ব্যাংক ড্রাফট নম্বর-

ব্যাংকের নাম ও শাখার নাম-

তারিখ-

দরদাতা ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম -------------------------------
ও
ঠিকানা-----------------------------------------------------

# নিলামকৃত মালামালের প্রদত্ত নিলাম দর

| ক্রঃ নং | মালামালের বিবরণ | পরিমাণ | একক | উদ্ধৃত মূল্য | | যে স্থান হতে মালামাল সরবরাহ করা হবে |
|---|---|---|---|---|---|---|
| | | | | একক মূল্য (টাকা) | মোট মূল্য (টাকা) | |
| ০১ | ব্যবহার অযোগ্য প্যাকিং কাঠ | ১০,০০০ | কেজি | | | টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি আশেকপুর, টাঙ্গাইল। |
| সর্বমোট দাখিলকৃত মূল্য = | | | | | | |

মোট উদ্ধৃত মূল্য -------------------------------- (কথায় : ---------------------------------------------------------) টাকা।